

উদ্ভাবনী উদ্যোগ, সেবা সহজিকরণ এবং ডিজিটাল সেবার তালিকা ২০২১-২২

**০১। উদ্ভাবনী উদ্যোগ**

সরকারি ব্যবস্থাপনায় হজ্জগমনেচ্ছু ব্যক্তিদের প্রাক-নিবন্ধন রিফান্ড সেবা পদ্ধতিতে উদ্ভাবনী ধারণার মাধ্যমে সেবা পদ্ধতি সহজিকরণ

পবিত্র হজ পালনের জন্য একজন হজ্জগমনেচ্ছু ব্যক্তি প্রথমে জাতীয় পরিচয়পত্র দিয়ে প্রাক-নিবন্ধন করে থাকেন। কোন হজ্জগমনেচ্ছু ব্যক্তি প্রাক-নিবন্ধন বাতিল করতে চাইলে টাকা জমাদানকৃত ব্যাংক হতে অনলাইনে বাতিলের আবেদন/অনুরোধ করতে পারেন। পরবর্তীতে মন্ত্রণালয় হতে অনুমোদনের পর আবেদনকারীকে চেকের মাধ্যমে অর্থ পরিশোধ করা হয়ে থাকে। নুতন পদ্ধতিতে প্রাক-নিবন্ধনকারী হজ্জগমনেচ্ছু ব্যক্তির প্রাক-নিবন্ধন বাতিলের আবেদনের সময় তাঁর নিজের ব্যাংক হিসাব সংক্রান্ত তথ্যসহ অনলাইনে আবেদন করবেন। মন্ত্রণালয় হতে অনুমোদনের পর ব্যাংক হতে আবেদনটি নিষ্পত্তি (Disbursement) হবে এবং আবেদনকারীর ব্যাংক হিসেবে স্বয়ংক্রিয়ভাবে EFT'র মাধ্যমে অর্থ স্থানান্তর (Transfer) হবে।

**০২। সেবা সহজিকরণ**

**০১) ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদান প্রদান সহজিকরণ**

ক) ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে প্রতি অর্থবছরে ধর্মীয় প্রতিষ্ঠানের (মসজিদ, কবরস্থান, ঈদগাহ, মন্দির, গীর্জা, প্যাগোডা, শশ্মান) অনুকূলে অনুদান প্রদান করা হয়ে থাকে। ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদান প্রদান প্রক্রিয়া সহজিকরণের জন্য নির্ধারিত ফরমে প্রত্যয়ের ০৩টি ধাপের মধ্যে ০২টি ধাপ বাদ দিয়ে ০১টি ধাপ করা হয়েছে।

খ) আবেদনকারী প্রতিষ্ঠান হতে আবেদনের সাথে প্রতিষ্ঠানের ব্যাংক হিসাব সংক্রান্ত তথ্যসহ (হিসাবের নাম, হিসাব নম্বর, ব্যাংকের নাম, শাখার নাম, রাউটিং নম্বর) আবেদন করবে। অনুমোদনের পর EFT'র মাধ্যমে আবেদনকারী প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবে স্বয়ংক্রিয়ভাবে অর্থ স্থানান্তর (Transfer) হবে।

**০২) সরকারি ব্যবস্থাপনার হজ্জগমনেচ্ছু প্রাক-নিবন্ধন রিফান্ড সেবা**

পবিত্র হজ পালনের জন্য একজন হজ্জগমনেচ্ছু ব্যক্তি প্রথমে জাতীয় পরিচয়পত্র দিয়ে প্রাক-নিবন্ধন করে থাকেন। কোন হজ্জগমনেচ্ছু ব্যক্তি প্রাক-নিবন্ধন বাতিল করতে চাইলে টাকা জমাদানকৃত ব্যাংক হতে অনলাইনে বাতিলের আবেদন/অনুরোধ করতে পারেন। পরবর্তীতে মন্ত্রণালয় হতে অনুমোদনের পর আবেদনকারীকে চেকের মাধ্যমে অর্থ পরিশোধ করা হয়ে থাকে। নুতন পদ্ধতিতে প্রাক-নিবন্ধনকারী হজ্জগমনেচ্ছু ব্যক্তির প্রাক-নিবন্ধন বাতিলের আবেদনের সময় তাঁর নিজের ব্যাংক হিসাব সংক্রান্ত তথ্যসহ অনলাইনে আবেদন করবেন। মন্ত্রণালয় হতে অনুমোদনের পর ব্যাংক হতে আবেদনটি নিষ্পত্তি (Disbursement) হবে এবং আবেদনকারীর ব্যাংক হিসেবে স্বয়ংক্রিয়ভাবে EFT'র মাধ্যমে অর্থ স্থানান্তর (Transfer) হবে।

## ০৩। সেবা ডিজিটাইজেশন

### ০১) হজ এজেন্সির ই-প্রোফাইল ম্যানেজমেন্ট

২০২১-২২ অর্থবছরে বেসরকারি ব্যবস্থাপনায় হজ কার্যক্রম পরিচালনার জন্য অনুমোদিত হজ এজেন্সির বিস্তারিত প্রোফাইল ম্যানেজমেন্ট সিস্টেম প্রস্তুত ও বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত সিস্টেমে হজ এজেন্সির স্বত্বাধিকারী/মালিক তার এজেন্সির যাবতীয় তথ্য (ফরম-২৫) পূরণ করে এবং প্রয়োজনীয় ডকুমেন্ট সংযুক্ত করে (ট্রেড লাইসেন্স, আয়কর সনদ, সিভিল এডিয়েশন সনদ, অফিস ভাড়া চুক্তিপত্র/মালিকানা দলিল ইত্যাদি) হজ ব্যবস্থাপনা সিস্টেমে সাবমিট করবেন। ধর্ম বিষয়ক মন্ত্রণালয় থেকে অনুমোদিত ব্যবহারকারী সিস্টেমে প্রদত্ত তথ্যের সঙ্গে যাবতীয় ডকুমেন্ট যাচাই-বাছাই এর মাধ্যমে তা সুপারিশ করবেন এবং মন্ত্রণালয়ের একজন অনুমোদকারী তা অনুমোদন করবেন। কোন ডকুমেন্ট বা তথ্যের ঘাটতি বা গরমিল (Shortfall) থাকলে মন্ত্রণালয় থেকে অনুমোদিত ব্যবহারকারী তার বিবরণ উল্লেখ করে আবেদনটি নাকচ করে দেবেন এবং সংশোধনপূর্বক আবেদনকারী পুনরায় আবেদন প্রেরণ করবেন। এছাড়াও উক্ত প্রোফাইল ম্যানেজমেন্ট সিস্টেমে বিগত বছরগুলোতে হজ কার্যক্রমের সঙ্গে সংশ্লিষ্ট এজেন্সির মামলা, শাস্তির তথ্যসহ প্রয়োজনীয় তথ্য এন্ট্রি করা হবে। অধিকন্তু, দ্রুত ও নির্ভুলভাবে এজেন্সি কর্তৃক প্রদানকৃত ট্রাভেল লাইসেন্স যাচাইয়ের জন্য বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের ট্রাভেল এজেন্সি সিস্টেমের সাথে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের হজ এজেন্সির প্রোফাইল ম্যানেজমেন্ট সিস্টেমের আন্তঃসংযোগ (Integration) স্থাপন করা হবে। ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক যাচাই সফলভাবে সম্পন্ন হওয়ার পর এজেন্সির তথ্য “ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক যাচাইকৃত” হিসেবে হজ বিষয়ক পোর্টালে প্রকাশ করা হবে।

### ০২) ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদান ব্যবস্থাপনায় EFT এর মাধ্যমে অনুদান প্রদান

আবেদনকারী প্রতিষ্ঠান হতে আবেদনের সাথে প্রতিষ্ঠানের ব্যাংক হিসাব সংক্রান্ত তথ্যসহ (হিসাবের নাম, হিসাব নম্বর, ব্যাংকের নাম, শাখার নাম, রাউটিং নম্বর) আবেদন করবে। অনুমোদনের পর EFT'র মাধ্যমে আবেদনকারী প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবে স্বয়ংক্রিয়ভাবে অর্থ স্থানান্তর (Transfer) হবে।

### ০৩) সরকারি ব্যবস্থাপনায় হজগমনেচ্ছু ব্যক্তিদের প্রাক-নিবন্ধন রিফান্ড সিস্টেম

পবিত্র হজ পালনের জন্য একজন হজগমনেচ্ছু ব্যক্তি প্রথমে জাতীয় পরিচয়পত্র দিয়ে প্রাক-নিবন্ধন করে থাকেন। কোন হজগমনেচ্ছু ব্যক্তি প্রাক-নিবন্ধন বাতিল করতে চাইলে টাকা জমাদানকৃত ব্যাংক হতে অনলাইনে বাতিলের আবেদন/অনুরোধ করতে পারেন। পরবর্তীতে মন্ত্রণালয় হতে অনুমোদনের পর আবেদনকারীকে চেকের মাধ্যমে অর্থ পরিশোধ করা হয়ে থাকে। নুতন পদ্ধতিতে প্রাক-নিবন্ধনকারী হজগমনেচ্ছু ব্যক্তির প্রাক-নিবন্ধন বাতিলের আবেদনের সময় তাঁর নিজের ব্যাংক হিসাব সংক্রান্ত তথ্যসহ অনলাইনে আবেদন করবেন। মন্ত্রণালয় হতে অনুমোদনের পর ব্যাংক হতে আবেদনটি নিষ্পত্তি (Disbursement) হবে এবং আবেদনকারীর ব্যাংক হিসেবে স্বয়ংক্রিয়ভাবে EFT'র মাধ্যমে অর্থ স্থানান্তর (Transfer) হবে।

মোঃ আবুল কালাম আজাদ  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: +৮৮-০২-৯৫৪০১৬৪  
ফ্যাক্স: +৮৮-০২-৯৫১২২৮৬  
ইমেইল: moragovbd@gmail.com